# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/ ২৩৩২৫১০১৩৮২২/ভোলা-১৬১/ ২৪০

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩২ / ০৮ সেপ্টেম্বর ২০২৫

**বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে**

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২২৪২৫১০১৩৮২১/১১২০৯৯; তারিখ: ২১ জুলাই ২০২৫
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৩৮২২/ভোলা-১৬১/৭৫; তারিখ: ০৪/০৮/২০২৫
৩। অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এর তদন্ত প্রতিবেদন, তারিখ: ০৩.০৯.২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন ফরিদাবাদ লতিফিয়া এ.রব দাখিল মাদ্রাসার ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিল করে নতুন কমিটি অনুমোদনের জন্য জনৈক মোহাম্মদ নোমান অভিযোগ দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০২ নং স্মারকে পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-কে পত্র দেয়া হয়। অভিযোগের বিষয়ে সূত্রোক্ত ৩নং স্মারকে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, দাখিলকৃত অধিকাংশ অভিযোগ সত্য মর্মে প্রতীয়মান হয়। ম্যানেজিং কমিটি গঠনে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা- ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ধারা ১২-১৭ যথাযথভাবে অনুসরণ করা হয়নি। সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিয়ে স্থানীয় প্রশাসন উপজেলা নির্বাহী অফিসার-কে সভাপতি করে নতুন কমিটি গঠন করার জন্য মাদ্রাসা প্রধানকে পত্র দিয়ে অবহিত করা যায় মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে অভিযোগ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৮.৯.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি (ম্যানেজিং কমিটি)
ফরিদাবাদ লতিফিয়া এ.রব দাখিল মাদ্রাসা
ডাকঘর: নূরাবাদ, উপজেলা: চরফ্যাশন, জেলা: ভোলা;

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার
ফরিদাবাদ লতিফিয়া এ.রব দাখিল মাদ্রাসা
ডাকঘর: নূরাবাদ, উপজেলা: চরফ্যাশন, জেলা: ভোলা;

নং-বামাশিবো/প্রশা/ ২৩৩২৫১০১৩৮২২/ভোলা-১৬১/

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩২ / ০৮ সেপ্টেম্বর ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, ভোলা;
২. জেলা শিক্ষা অফিসার, ভোলা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাশন, ভোলা;
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা;
৬. জনাব মোহাম্মদ নোমান(অভিযোগকারী), গ্রাম: আহাম্মদপুর, ডাকঘর: নূরাবাদ, থানা: চরফ্যাশন, জেলা: ভোলা;
৭. পিও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০৯/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\অনিউর\কারণ দর্শানোর প্রসঙ্গে.doc